

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 10-11-2024

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) সচিত্র ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনী প্রক্রিয়ায় দুদিন ব্যাপী বিশেষ প্রচার অভিযানের প্রথম পর্ব আজ শেষ হয়েছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা যুবসমাজের জ্ঞানের পরিধি বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেছেন।
- (৩) সমবায় সমিতির উন্নয়নে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার কাজ করে চলেছে - বললেন সমবায় মন্ত্রী শুক্রা চরণ নোয়াতিয়া।
- (৪) সন্তোষ ট্রফির জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি পুল-এর খেলা আগামী ১৫ই নভেম্বর থেকে আগরতলায়।

*

Electoral Roll:

নির্বাচন কমিশনের নির্ধারিত সূচী অনুযায়ী রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রে সচিত্র ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনী প্রক্রিয়ায় দুদিন ব্যাপী বিশেষ প্রচার অভিযানের প্রথম পর্ব আজ শেষ হয়েছে। দ্বিতীয় তথা শেষ পর্বের বিশেষ প্রচার অভিযান হবে আগামী ১৬ এবং ১৭ নভেম্বর। উল্লেখ্য, রাজ্য ৬০ টি বিধানসভা কেন্দ্রের ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর জন্য গত ২৯ শে অক্টোবর খসড়া সচিত্র ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। এই তালিকায় মোট ভোটার সংখ্যা

২৮ লক্ষ ৭৫ হাজার ৫৪৬ জন বর্তমানে খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ চলছে। তা চলবে আগামী ২৮শে নভেম্বর পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ২৪শে ডিসেম্বর। চূড়ান্ত সচিব ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী বছরের ৬ই জানুয়ারী।

CM Rabindra Bhawan:

আগরতলার রবীন্দ্রভবনে আজ ১৯তম ত্রিপুরা ইনফো মেগা কুইজ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথির ভাষনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন যুবসমাজ তাদের জ্ঞানের পরিধি বাড়াতে পাশাপাশি চলমান পরিস্থিতি সম্পর্কে বিশ্লেষণ ও গবেষণার দিকে মনোনিবেশ করতে এই ধরনের উদ্যোগ, উৎসাহ ঘোগাবে। মুখ্যমন্ত্রী ধারাবাহিকভাবে এই মেগা কুইজ প্রোগ্রাম আয়োজনের জন্য উদ্যোগ্তাদের প্রশংসা করেন। অনুষ্ঠানে অন্যান্যদের উপস্থিত ছিলেন ত্রিপুরা ইনফোর প্রধান সম্পাদক শেখর দত্ত, সম্পাদক এবং এমডি জয়ন্ত দেবনাথ প্রমুখ। কুইজ পরিচালনা করেন বিশিষ্ট শিক্ষাবিদ অভিজিৎ ভট্টাচার্য।

Susanta Chowdhury:

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের লামড়ি-বদরপুর অংশে একটি মালবাহী ট্রেন লাইনচুর্যত হওয়ায় প্রায় ৪-৫ কিলোমিটার বিস্তৃত রেললাইন ক্ষতিগ্রস্ত হয়েছে। এরফলে বিগত কিছুদিন যাবৎ পেট্রোপণ্য সহ বিভিন্ন নিত্য প্রয়োজনীয় সামগ্রী বহিঃরাজ্য থেকে রেলপথে রাজ্য আমদানী বন্ধ রয়েছে। ইতিমধ্যে রেলওয়ে কর্তৃপক্ষ যুদ্ধকালীন তৎপরতায় সারাইয়ের কাজ করছে। আগামী ১৩ নভেম্বর থেকে রেললাইনের ওই অংশে পুনরায় পণ্য পরিবহণ পরিষেবা চালু করা সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ করেছেন। তিনি আরো বলেন জনসাধারণ

যেন পেট্রোলের এই সংকটকালীন পরিস্থিতিতে আতঙ্কিত হয়ে অতিরিক্ত পেট্রোপণ্য ক্রয় করা থেকে বিরত থাকেন। পাশাপাশি কালোবাজারী যাতে না হয় সেদিকে খেয়াল রাখার জন্য তিনি দপ্তর ও পেট্রোল পাম্প মালিকদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন

.....Byte.....

Cooperative Minister:

সমবায় মন্ত্রী শুভ্রাচরণ নোয়াতিয়া বলেছেন, সমবায় সমিতির উন্নয়নে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার কাজ করে চলেছে। আজ কমলপুরের নজরুল ভবনে মৎস্যজীবিদের নিয়ে এক সচেতনতামূলক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব, কমলপুর মহকুমা শাসক সহ উচ্চ পদস্থ আধিকারিকরা।

সাম্প্রতিক বন্যায় মৎস চাষীদের যে ক্ষয়ক্ষতি হয়েছে তা পূরণের বিভিন্ন উদ্যোগের বিষয়ে আলোচনার জন্যেই এই অনুষ্ঠানের আয়োজন। বিশেষ করে পি এম এম এস ওয়াই, এফ ডি ডি এফ এবং এল আই এফ আই সি প্রকল্পগুলো নিয়ে আলোচনা হয়। ধলাই জেলা থেকে মোট ১৯০ জন মৎসচাষী এই সচেতনতা শিবিরে অংশ নেন।

Sushanto chowdhury:

দ্য ইন্সটিউট অব ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ার ত্রিপুরা শাখার উদ্যোগে পরিবহন দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ "ত্রিপুরায় জল-প্রতিরোধী সড়ক নির্মাণ, চ্যালেঞ্জ, সুযোগ এবং উন্নয়ন" শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আগরতলার গোর্খাবন্তিস্থিত

সংগঠনের কনফারেন্স হলে আয়োজিত এই আলোচনা চক্রে উপস্থিত ছিলেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, পরিবহন দপ্তরের কমিশনার সুব্রত চৌধুরী প্রমুখ। পরিবহন মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, বর্তমান রাজ্য সরকারকের সময়কালে পর্যটন ব্যবস্থা অনেক উন্নত হয়েছে। স্মার্ট সিটির আদলে সড়ক নির্মাণের ফলে বর্ষার দিনে এখন বহু জায়গা জলমগ্ন হয় না বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন রাজ্য সরকার এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার জন্য বন্ধপরিকর রয়েছে।

Pradyut DebbarmaTripura mothা:

এডিসির ভিলেজ কাউন্সিল নির্বাচন দ্রুত আয়োজন করতে দাবি জানিয়েছেন তিপরা মথা দলের নেতা প্রদ্যুৎ কিশোর দেববর্মা। আজ আগরতলায় প্যালেস কম্পাউন্ডে তিপরা মথা দলের সভাপতি বিজয় রাংখলের পৌরহিত্যে অনুষ্ঠিত এক বৈঠকের পর সাংবাদিক সম্মেলনে এই কথা জানান শ্রী দেববর্মা। তিনি জানান, বৈঠকে সিদ্ধান্ত হয়েছে দ্রুত ভিলেজ কাউন্সিলের নির্বাচনের দাবিতে আগামী ১৪ নভেম্বর ব্লক ভিত্তিক স্মারকলিপি দেওয়া হবে। রাজ্যপালের উদ্দেশ্যে এই স্মারকলিপি জেলাশাসক ও মহকুমা শাসক স্তরেও দেওয়া হবে।

Special Train:

ছট উৎসবের জন্য রেলওয়ে স্টেশনগুলিতে যাত্রীদের ভিড়ের প্রতি লক্ষ্য রেখে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে আজ আটটি স্পেশাল ট্রেন দিয়েছে। এই ৮টি বিশেষ ট্রেন-এর মধ্যে ত্রিপুরা থেকে অতিরিক্ত দেওয়া হয়েছে দুটি ট্রেন - এরমধ্যে রয়েছে আগরতলা-রানি কমলাপতি ট্রেন (ভূপাল) এবং আগরতলা-ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস (মুম্বাই)।

আগামীকাল ১১ নভেম্বর, আরো দশটি স্পেশাল ট্রেন চালানো হবে। এরমধ্যে একটি স্পেশাল ট্রেন সেকেন্দ্রাবাদ থেকে আগরতলার উদ্দেশে রওয়ানা দেবে। এই সেকেন্দ্রাবাদ-আগরতলা স্পেশাল ট্রেন- ০৭০৩০ আগামীকাল সেকেন্দ্রাবাদ থেকে বিকেল ৪ টা ৩৫ মিনিটে রওনা হয়ে ১৪ই নভেম্বর, ভোর ৩ টো ১০ মিনিটে আগরতলা পৌঁছবে।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিশেষ প্রচারাভিযান ৪.০-এর প্রশংসা করেছেন, যা ২০২১ সাল থেকে রাষ্ট্রীয় কোষাগারের জন্য ২,৩৬৪ কোটি টাকার সঞ্চয় অর্জন করেছে। কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং-এর একটি পোস্টের প্রতিক্রিয়ায়, প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, কিভাবে সম্মিলিত প্রচেষ্টা টেকসই উন্নয়নের দিকে নিয়ে যেতে পারে, যা পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং অর্থনৈতিক বিচক্ষণতা উভয়ই প্রচার করে।

Vice President:

উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় গবেষণা এবং উন্নাবন ক্ষেত্রে বিনিয়োগের উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, এটি বর্তমান এবং ভবিষ্যতের জন্য একটি বিনিয়োগ। তিনি আরও বলেন, উন্নাবন এবং গবেষণা উভয়ই অর্থনীতির প্রকৃত চালিকাশক্তি। আজ নতুন দিল্লিতে মহারাজা অগ্রসেন টেকনিক্যাল এডুকেশন সোসাইটির রজতজয়ন্তী উদ্যাপনের সমাপ্তি অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি একথা বলেন।

Union Power Minister:

কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রী মনোহর লাল আজ নতুন দিল্লিতে বৈদ্যুতিক যানবাহনের এক রেলীর সূচনা করেন। এই উপলক্ষে তিনি 'ইভি অ্যাজ এ সার্ভিস' কর্মসূচি চালু করেন। শ্রী মনোহর লাল অনুষ্ঠানে বলেন, বৈদ্যুতিক যানবাহন দূষণ কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। 'ইভি অ্যাজ আ সার্ভিস' কর্মসূচির কথা তুলে ধরে তিনি বলেন, এই কর্মসূচী মহৎ উদ্দেশ্যে শুরু করা হয়েছে, যা দিল্লির জন্য খুবই প্রয়োজন।

Buddha Kathin Chibar Dan:

রাজ্যেও আজ বৌদ্ধ ভিক্ষুদের অর্থাৎ বৌদ্ধ সন্যাসীদের কঠিন চিবর দান উৎসব অনুষ্ঠিত হয়। আগরতলার বেনুবন বিহার বুদ্ধ মন্দির সহ রাজ্যের বিভিন্ন বুদ্ধ মন্দির বুদ্ধ সংঘে এ-উপলক্ষ্যে উৎসাহ পরিলক্ষিত হয়। আগরতলার বেনুবন বিহার বুদ্ধ মন্দিরের মঠাধ্যক্ষ ক্ষেমচারা ভিক্ষু জানান, সকাল থেকেই এ উপলক্ষ্যে নানা অনুষ্ঠান - সংঘদান, ভিক্ষাদান, পদযাত্রা ও আকাশ প্রদীপ জ্বালানো বা ফানুস ওড়ানো ছিল। আজ সন্ধ্যায় আগরতলাতেও আকাশে প্রচুর ফানুস উড়তে দেখা যায়।। বৌদ্ধ ভিক্ষু ক্ষেমচারা জানান, বৌদ্ধ সন্যাসীদের বস্ত্র দানই হল কঠিন চিবর দান। আষাঢ় মাসের পূর্ণিমা তিথি থেকে আশ্বিন মাসের পূর্ণিমা তিথি তিনমাস কঠিন চিবর অনুষ্ঠিত হয় বলে তিনি জানান। আজ তিনি জানান বিশ্ব শান্তির জন্য বৌদ্ধ ভিক্ষুগন প্রার্থনা করেছেন।

Mathematical Olympiad:

রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদ এবং ত্রিপুরা গণিত সোসাইটির যৌথ উদ্যোগে আজ অষ্টম শ্রেণির পড়ুয়াদের মধ্যে জুনিয়র ম্যাথামেটিক্যাল অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। রাজ্যের ২৩টি মহকুমায় এটি অনুষ্ঠিত হয়। ৫৫০০র উপর পরীক্ষার্থী অংশগ্রহণ

করেন। আগরতলায় ধলেশ্বর কামিনী কুমার সিংহ স্মৃতি বিদ্যালয়ে ও প্রাচ্য ভারতী স্কুলে অষ্টম শ্রেণির পড়ুয়াদের জন্য জুনিয়র ম্যাথমেটিক্যাল অলিম্পিয়াড আয়োজিত হয়। ম্যাথমেটিক্যাল অলিম্পিয়াডের স্টেট কো-অর্ডিনেটর শুভ্রনীল রায় এ খবর জানিয়েছেন।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Weather :

আগামীকাল আকাশ অংশত মেঘাচ্ছন্ন থাকবে। ভোরে কুয়াশা পড়তে পারে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৬ এবং সর্বনিম্ন তাপমাত্রা ২০.৬ ডিগ্রি সেলসিয়াস।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার লক্ষ্যে ২২ সদস্যক রাজ্যদল ঘোষনা করা হয়। আগামী ১৫ নভেম্বর থেকে

আগরতলায় জাতীয় এই আসরের ডি-পুলের খেলা হবে। এতে অংশ নিতে রাজ্য আসছে মণিপুর, মিজোরাম ও সিকিম দল। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের খেলাগুলি হবে। টিএফএ সচিব অমিত চৌধুরী এখবর জানান।

Naidu Trophy:

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে স্বাগতিক চান্ডিগড় প্রথম ইনিংসে লিড নিয়েছে। চান্ডিগড়ের মহাজন ক্রিকেট মাঠে ত্রিপুরার ২১৬ রানের জবাবে চান্ডিগড় ৮ উইকেটে ২০৩ রান থেকে তৃতীয় দিনে খেলতে নেমে প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২২৩ রান করে। ৭ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৫ উইকেট হারিয়ে ১৬৯ রান সংগ্রহ করে। সেন্ট্রু সরকার ৬৯ রানে অপরাজিত রয়েছেন।
